

এডিবি'র গণযোগাযোগ নীতিমালার পর্যালোচনা শুরু

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ২০০৫ সালে অনুমোদিত তার গণযোগাযোগ নীতিমালার ব্যাপক পর্যালোচনা চালিয়ে যাচ্ছে। অংশগ্রহনমূলক পদ্ধতিতে সদস্য দেশগুলোর আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠানের মতামত সংগ্রহের মাধ্যমে এই পর্যালোচনা পরিচালিত হবে। এ ব্যাপারে একটি সংশোধিত নীতিমালা আগামী ২০১১ সালের প্রথম প্রান্তিকে (তিন মাসের মধ্যে) এডিবি'র পরিচালকমন্ডলীর কাছে বিবেচনার জন্য উপস্থাপন করা হবে।

এডিবি আগামী ১৫ এপ্রিল ২০১০ পর্যন্ত জনসাধারণের কাছ থেকে বর্তমান গণযোগাযোগ নীতিমালা সম্পর্কে মতামত আহ্বান করছে। এসব মতামত সংশোধিত নীতিমালার প্রথম খসড়ায় অন্তর্ভুক্ত করা হবে, যা ২০১০ সালের এপ্রিল-জুন প্রান্তিকে বিভিন্ন সদস্য দেশে অনুষ্ঠিতব্য মুক্ত আলোচনায় আলোচিত হবে। এখানে পর্যালোচনার একটি সময় সূচি সংযোজন করা হলো।

গণযোগাযোগ নীতিমালার জন্য দরকার কার্যকর বৈদেশিক সম্পর্ক ও উন্নত তথ্য অধিকার। তথ্য প্রকাশের ভিত্তিতেই এ নীতিমালা প্রণীত হয়, যদি কোন তথ্য প্রকাশের ব্যাপারে সুনির্দিষ্ট নিষেধাজ্ঞা না থাকে। এ ব্যাপারে ক্ষতিগ্রস্ত জনগণ ও অংশীদারিত্বমূলক উন্নয়নের ওপর যথেষ্ট জোর দেয়া হয়।

২০০৫ সালে অনুমোদনের পর থেকে এডিবি তার গণযোগাযোগ নীতিমালা বাস্তবায়ন সম্পর্কে বাৎসরিক প্রতিবেদন প্রকাশ ও তা নিয়ে মুক্ত আলোচনার ব্যবস্থা করেছে। এডিবি'র অর্জিত শিক্ষা ও সংশ্লিষ্ট ঘটনাপ্রবাহ গণযোগাযোগ নীতিমালায় বিবেচিত হয়েছে কিনা, এই পর্যালোচনা প্রক্রিয়ার মাধ্যমে তা নিশ্চিত করা যাবে। এ ছাড়া বাইরের অংশীদাররাও গণযোগাযোগ নীতিমালার কার্যকারিতা বৃদ্ধির ব্যাপারে তাদের মতামত ও সুপারিশ প্রদানের সুযোগ পাবেন।